



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দোহার পৌরসভা কার্যালয়



জয়পাড়া, দোহার, ঢাকা
www.doharmunicipality.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি



স্মারক নং-৪৬.৬০.২৬১৮.১০১.৫৯.০৭০.১৬-২৫০(৩০)

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১
৯ জুন ২০২৪


অফিস আদেশ

এতদ্বারা অত্র পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার বিগত ৬ জুন ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১০-৭০ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন মারফত সরকার আগামি ১৯ জুন ২০২৪ তারিখ (পবিত্র ঈদ-উল-আযহা ২০২৪-এর পরবর্তী প্রথম কর্মদিবস) হতে দেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিস সময়সূচি পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নিম্নরূপভাবে নির্ধারণ করেছেন:

(ক) রবিবার হইতে বৃহস্পতিবার	সকাল ৯:০০ ঘটিকা হইতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।
(খ) শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি।

উল্লেখ্য, জরুরি পরিষেবাসমূহ নতুন অফিস সময়সূচির আওতা বহির্ভূত থাকবে।

এমতপ্রেক্ষিতে, অত্র পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীকে উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


০৯/০৬/২০২৪
মো: আলমাছ উদ্দিন
মেয়র
দোহার পৌরসভা, ঢাকা।